

# 3rd India-Costa Rica Foreign Office Consultations

September 17, 2021

## তৃতীয় ভারত-কোস্টারিকা বিদেশ দপ্তর পরামর্শ

সেপ্টেম্বর 17, 2021

ভারত এবং কোস্টারিকার মধ্যে তৃতীয় বিদেশ দপ্তর পরামর্শ(এফওসি) 16 সেপ্টেম্বর 2021-এ সান জোস-এ অনুষ্ঠিত হয়েছে। বিদেশ মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রীমতি রিভা গাপুলি দাস ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন অন্যদিকে কোস্টারিকার প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন দ্বিপাক্ষিক বিষয়ক এবং আন্তর্জাতিক সহযোগিতা, পররাষ্ট্র সম্পর্ক এবং উপাসনা মন্ত্রকের উপমন্ত্রী শ্রীমতি অ্যাড্রিনা বোলানোস আরগুয়েটা।

2. উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন এবং এখনও যে পর্যন্ত অগ্রগতি হয়েছে তার জন্য সন্তোষ ব্যক্ত করেছেন। তারা বাণিজ্য এবং বিনিয়োগ, স্বাস্থ্য ও ঔষধ প্রস্তুত, বিজ্ঞান ও প্রযুক্তি এবং উন্নয়ন অংশীদারের ক্ষেত্রে সহযোগিতাকে মজবুত করতে একমত হয়েছেন। কোস্টা রিকা পক্ষ ভারতীয় পেশাদারদের এবং তাদের স্ত্রী/স্বামী ও সন্তান সহ পরিবারের সদস্যদের ভিসা প্রদানকে সহজ করার জন্য রাজি হয়েছে।

3. পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও আলোচনা হয়েছে।

4. ভারতীয় প্রতিনিধি দল কোস্টা রিকার পররাষ্ট্র সম্পর্ক এবং উপাসনা মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার রোডোলফো সোলানো কুইরোস-এর সাথেও সাক্ষাৎ করেছেন এবং দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক সহযোগিতাকে আরও শক্তিশালী করার উপরে মত বিনিময় করেছেন।

5. আলোচনাটি বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে। পরস্পরের সুবিধামত দিনক্ষণে পরবর্তী পরামর্শ আয়োজন করার জন্য উভয় পক্ষ একমত হয়েছেন।

সান জোস

সেপ্টেম্বর16,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.